MAR. 06 2001

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

এবতেদায়ি মাদ্রাসার শিক্ষক-কর্মচারী

# জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসের বেতন ২৯ মার্চের মধ্যে প্রদান করার নির্দেশ

দেশের সরকারি অনুদানভুক্ত সব স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসার শিক্ষক-শিক্ষিকাদের জানুয়ারি-ফেব্রুয়ারি দুই মাসের বেতন বাবদ দেয় টাকার চেক এবং এমপিও সংশ্লিষ্ট ব্যাংকগুলোতে ইতিমধ্যে পাঠানো হয়েছে। সরকারি অনুদানভুক্ত সব স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসার প্রধানরা টাকা বণ্টনকারী সংশ্লিষ্ট ব্যাংকের সঙ্গে যোগাযোগ করে টাকা উত্তোলন করতে পারবেন। এ টাকা ২৯ মার্চ ২০০১ তারিখের মধ্যে প্রদান করার জন্য ব্যাংকগুলোকে নির্দেশ দেওয়া হয়েছে। খবর তথ্য বিবরণীর।

যেসব স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসার শিক্ষক/শিক্ষিকা সঙ্গত কারণে চলতি অর্থবছরের (২০০০-২০০১) বকেয়া টাকা নির্ধারিত সময়সীমার মধ্যে উত্তোলন করতে পারেননি তারাও ওই সময়ের টাকা একসঙ্গে উত্তোলন করতে পারবেন। স্থগিত প্রতিষ্ঠানগুলোর টাকা সুনির্দিষ্ট আদেশ ছাড়া ছাড় করা যাবে না।